

চবি ছাত্রলীগের ৮ নেতাকে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার, ১২ জনকে শোকজ

চবি সংবাদদাতা
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের দুই এনপের মধ্যে সংঘর্ষের ঘটনায় আট ছাত্রলীগ নেতাকর্মীকে এক বছরের জন্য বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হয়েছে। এ ঘটনায় জড়িত অভিযোগে ১২ ছাত্রলীগ নেতাকর্মীকে শোকজ করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। একই সঙ্গে বিশ্ববিদ্যালয়ের শাটল ট্রেনে ছাত্রলীগ সমন্বিত বগিভিত্তিক সংগঠনগুলোর সব কর্মকাণ্ড নিষিদ্ধ করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিশ্ববিদ্যালয় বোর্ড অফ রেসিডেন্স ও হেলথ ইন ডিসিপ্লিনারি কমিটির এক জরুরি সাধারণ সভায় আট ছাত্রকে বহিষ্কার এবং অন্য ১২ জনকে শোকজ করার সিদ্ধান্ত নেয়া হয়েছে মর্মে ডেপুটি রেজিস্ট্রার (তথ্য) ঘোষণিত

এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়। গতকাল সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের উপ-উপচার্য অধ্যাপক ড. এম আলআউদ্দিনের সভাপতিত্বে এই জরুরি সভা অনুষ্ঠিত হয়। এক বছরের জন্য বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কৃত আট ছাত্রলীগ নেতাকর্মী হলো রাশেদুল হান্নান রাসূল- মার্কেটিং বিভাগ, এইচ এম ফজলে রাসূলী (সুজন)- ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগ, সরওয়ার ইসলাম সবুজ- যোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, মো. রকিব হোসাইন- প্রাণিবিদ্যা বিভাগ, জাহিদুল ইসলাম জুয়েল- রসায়ন বিভাগ, আসতারক হক

(আকতার)- মার্কেটিং বিভাগ, আহসান সিদ্দিকী (রিমন)- মার্কেটিং বিভাগ, ইফতেখার হায়দার মুরাদ- বাংলা বিভাগ। এমিকে একই ঘটনায় জড়িত অভিযোগে বিভিন্ন বিভাগের ১২ শিক্ষার্থীকে এক সপ্তাহের মধ্যে কারণ দর্শানোর জন্য বলা হয়েছে। বহিষ্কারাদেশের খবরে বিভিন্ন ছাত্র সংগঠন ও সাধারণ শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক প্রতিক্রিয়া দেখা গেছে। তবে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সিনিয়র সভাপতি আবুল মনসুর জামশেদ যায়যায়দিনকে বলেন, শেখ হাসিনার নির্দেশ আছে বিশৃঙ্খলা সৃষ্টিকারীদের দলে জায়গা হবে না। বহিষ্কৃতদের ব্যাপারে প্রয়োজনে দলীয় পক্ষে তদন্ত কমিটি গঠন

বগিভিত্তিক কর্মকাণ্ড নিষিদ্ধ

চবি ছাত্রলীগের ৮

(প্রথম পৃষ্ঠার পর)।
করা হবে। ঘটনায় সংশ্লিষ্টতা প্রমাণিত হলে তাদের দল থেকেও প্রয়োজনে বহিষ্কার করা হবে।
বৃথকার তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে বিশ্ববিদ্যালয় রেল স্টেশন চত্বরে ছাত্রলীগের বগিভিত্তিক সংগঠনে ডিএফ ও সিএফসির কর্মীদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া এবং সংঘর্ষের ঘটনা ঘটে। এতে দুই এনপের অসুস্থ ১৬ জন আহত হয়। বিশ্ববিদ্যালয় প্রক্টরিয়াল বডি'র সদস্যদের তদন্তের জিহাতে বোর্ড অফ রেসিডেন্স ও হেলথ ইন ডিসিপ্লিনারি কমিটি ছাত্রলীগ নেতাদের বহিষ্কারের এ সিদ্ধান্ত নেয়। চবি প্রক্টর প্রফেসর ড. মোহাম্মদ জাসিম উদ্দিন এ ব্যাপারে যায়যায়দিনকে বলেন, ঘটনায় যারা জড়িত ছিল সাজা-প্রমাণের জিহাতে কেহল তাদের বিরুদ্ধে এ ব্যবস্থা নেয়া হয়েছে।
শাটল ট্রেনের বগিভিত্তিক সংগঠনগুলোর কর্মকাণ্ড নিষিদ্ধ করার পরও এ সিদ্ধান্ত অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর শাস্তিদায়ক ব্যবস্থা গ্রহণ করা হবে বলেও বৈঠকে আয়োচনা হয়।

১০ ক ৪